

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৭৬

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - উসমান (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصِيْلُ الثَّن (بَابِ مَنَاقِبِ عُثْمَان)

আরবী

وَعَن مرّة بن كَعْب قَالَ: سَمِعْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَذكر الْفِتَن فقر بهَا فَمَرَّ رَجُلٌ مُقَنَّعٌ فِي ثَوْبٍ فَقَالَ: «هَذَا يَوْمئِذ على هدى» فَقُمْتُ إِلَيْهِ فَإِذَا هُوَ عُتْمَانُ بنُ عَفَّانَ. قَالَ: «نَعَمْ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيث حسن صَحِيح

حسن ، رواه الترمذى (3704) و ابن ماجم (11) ـ (صَحِيح)

বাংলা

৬০৭৬-[৮] মুররাহ্ ইবনু কা'ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে একদিন ফিতনাহ সম্পর্কে আলোচনা করতে শুনেছি। আর তা যে অতি কাছাকাছি তিনি তাও বর্ণনা করেছেন। এমন সময় এক লোক মাথার উপর কাপড় দিয়ে সে পথে যাচ্ছিলেন। তখন তিনি সে লোকের দিকে ইঙ্গিত করে বললেন, ঐ যে লোকটি যাচ্ছে, সে ঐ ফিতনার দিনের সঠিক পথের উপর থাকবে। (বর্ণনাকারী মুরারাহ্ বলেন, রাসূলুল্লাহ (সা.) - এর কথা শুনে আমি লোকটির দিকে গিয়ে দেখলাম, তিনি উসমান ইবনু আফফান (রাঃ)। অতঃপর 'উসমান-এর চেহারাখানি আমি রাসূলুল্লাহ (সা.) -এর দিকে ফিরিয়ে বললাম, ইনিই কি তিনি? তিনি (সা.) বললেন, হ্যাঁ।

[তিরমিযী ও ইবনু মাজাহ এবং ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেছেন, হাদীসটি হাসান ও সহীহ]

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৭০৪, ইবনু মাজাহ ১১১, আল মুসতাদরাক লিল হাকিম ৪৫৫২।



ব্যাখ্যা

ব্যাখ্যা: (يقال له مرّة بن كُعْب) তাকরীব গ্রন্থে বলা হয়েছে, ঐ ব্যক্তিটির নাম হলো কা'ব ইবনু মুররাহ্ কিন্তু তাকে বলা হয় মুররাহ্ ইবনু কা'ব আস্ সুলামী।

তিনি একজন প্রসিদ্ধ সাহাবী ছিলেন। তিনি প্রথমে বাসরায় বসবাস করতেন, পরবর্তীতে জর্জানে কিছুকাল অবস্থান করেন। তিনি ৫৫ হিজরীতে মৃত্যুবরণ করেন।

(فَقُمْتُ إِلَيْهِ)আমি ঐ ব্যক্তির কাছে গিয়ে দাঁড়ালাম, হঠাৎ দেখি তিনি হলেন 'উসমান (রাঃ)।

এই মুখ ঢেকে রাখা ব্যক্তি ঐ ফিতনাহ্ সংঘটিত হওয়ার সময় সঠিক পথের উপর অটল থাকবে। যেমন আল্লাহ বলেন, (الَّهُدَى مِن الْهُدَى مِن اللهِ अके पायत पायत वालाहा वलन, (الْهَدَى مِن اللهُدَى مِن اللهُدَى مِن اللهُدَى مِن اللهُدَى مِن اللهُدَى مِن اللهُدَى مَن اللهُدَى اللهُدَى مَن اللهُدَى اللهُدَالِكُولِ اللهُدَى اللهُدَاللهُدَى اللهُدَى اللهُدَالِّذِي اللهُدَالِ اللهُدَاللهُدَالِهُ اللهُدَالِ ال

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুররাহ্ ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন